

ডায়েরী...  
পৃষ্ঠা... কলাম... ১২...

## বাংলা ও ইংরেজী শেখা ছাড়া শিক্ষা সম্পূর্ণ হবে না ॥ রাষ্ট্রপতি

রুমুন রেজা/নাসির উদ্দিন উজ্জ্বল, মুন্সীগঞ্জ থেকে ॥  
রাষ্ট্রপতি অধ্যাপক একিউএম বদরুন্নাছা চৌধুরী  
বলেছেন, পুলিশ দিয়ে কখনও পরীক্ষায় নকল বন্ধ করা  
যাবে না। পরীক্ষায় নকলমুক্ত পরিবেশ কখনওই হবে না।  
যদি ছাত্রদের মধ্যে আত্মবিশ্বাস জাগিয়ে তোলা না যায়।  
তিনি রবিবার দুপুরে মুন্সীগঞ্জ জেলার লৌহজংয়ের  
(বিক্রমপুর) কুমারভোগ গ্রামের 'পদ্মা বিলাস'-এ ফ্রেডস  
ফাউন্ডেশন শিক্ষা ও গবেষণা সেল আয়োজিত  
শিক্ষাবৃত্তি-২০০২ পরীক্ষায় বৃত্তিপ্রাপ্ত ছাত্রছাত্রীদের মধ্যে  
(১১- পৃষ্ঠা ৩-এর ৬ঃ দেবদ)

## বাংলা ও ইংরেজী (১২-এর পাতার পর)

বৃত্তি প্রদান ও সনদ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির  
ভাষণে এ কথা বলেন। সংগঠনের চেয়ারম্যান ওসমান  
গনি ডালুকদারের সভাপতিত্বে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে  
অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বিশেষ অতিথি ভূমিমন্ত্রী  
এম শামসুল ইসলাম, বক্ত প্রতিমন্ত্রী মিজানুর রহমান  
সিনহা, মুন্সীগঞ্জ-৪ আসনের সংসদ সদস্য আবদুল হাই,  
জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. আবদুল মমিন  
চৌধুরী, সংগঠনের পৃষ্ঠপোষক আবদুর রহমান, শফিকুল  
ইসলাম, জাহাঙ্গীর খান, নূরী আবদুর রহমান প্রমুখ।  
রাষ্ট্রপতি বলেন, আমাদের দেশের অক্ষরজ্ঞানের সংখ্যা  
বাড়ছে। কিন্তু শিক্ষার গুণগত মান নেমে যাচ্ছে। আমরা  
আলোকিত মানুষ চাই। আলোকিত মানুষ হওয়ার জন্য  
শিক্ষা চাই। ওপর থেকে যেমন ছোটবড় সব গাছ সমান

মনে হয়, তেমনি মনকে এমনভাবে আলোকিত করতে  
হবে যাতে সব মানুষকে সমান বিবেচনা করা যায়। সেই  
শিক্ষাই আমাদের শিক্ষার্থীদের দিতে হবে।  
তিনি বলেন, আমাদের মধ্যে দেশপ্রেম থাকতে হবে।  
দেশপ্রেম না থেকে কারও মধ্যে যদি অর্থপ্রেম প্রকট হয়ে  
ওঠে তবে সে বিদেশে গিয়ে আর আসবে না। এরকম  
প্রবণতা এখন ক্রমান্বয়ে বাড়ছে।  
রাষ্ট্রপতি বাংলা ও ইংরেজী ভাষা শিক্ষার প্রতি গুরুত্ব  
আরোপ করে বলেন, এ দুটো ভাষা শেখা ছাড়া শিক্ষা  
সম্পূর্ণ হবে না। ইংরেজী শিখতেই হবে। কারণ, ১শ'  
কোটি লোক ইংরেজীতে কথা বলতে পারে, লিখতে  
পারে।

ভূমিমন্ত্রী এম শামসুল ইসলাম বলেন, ভাল কাজের  
স্বীকৃতি না দিলে কেউ ভাল কাজে এগিয়ে আসবে না।  
বক্ত প্রতিমন্ত্রী মিজানুর রহমান সিনহা মুন্সীগঞ্জের নাম  
মুন্সীগঞ্জ-বিক্রমপুর রাখার দাবি জানিয়ে বলেন,  
মানচিত্রে মুন্সীগঞ্জ দেখি, বিক্রমপুর দেখি না।  
জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. আবদুল মমিন  
চৌধুরী বলেন, দুর্নীতি ও বিবাদের প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান  
আক্রান্ত। শিক্ষকরাও জড়িয়ে পড়েছেন দুর্নীতির সাথে।  
এবারের ডিগ্রী পরীক্ষায় নকলের ব্যাপক প্রসার ও  
পৃষ্ঠপোষকতা লক্ষ্য করেছি। নকলে সমাজের উচ্চ স্তর  
থেকে সাহায্য সহযোগিতার যে প্রবণতা দেখা যাচ্ছে তা  
উদ্বেগজনক।  
পরে রাষ্ট্রপতি বৃত্তিপ্রাপ্ত ছাত্রছাত্রীদের মধ্যে সনদ বিতরণ  
করেন। এবার ফ্রেডস ফাউন্ডেশন শিক্ষা বৃত্তি পরীক্ষা  
২০০২ পরীক্ষায় ১৩৩ ছাত্রছাত্রী বৃত্তি পেয়েছে।

কেন্দ্রিক্যাল গ্যাসের